



বাংলাদেশ হাউজ ফিন্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
আইসিটি (অপারেশন) বিভাগ

নম্বর: ৫৩.০৫.০০০০.১৭০.৩৯.১১৮.১৫.৬৭১

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাঠ পর্যায়ের কার্যালয় তথা জোনাল/শাখা অফিসসমূহকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন এবং [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজন- এই ৩টি সূচক বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের আলোচনার প্রেক্ষিতে ইনোভেশন অফিসার মহোদয়ের সদয় সম্মতিক্রমে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

২.০ প্রত্যেক জোনাল অফিস তাদের আওতাধীন শাখা অফিসসমূহ হতে বাধ্যতামূলক ১টি করে উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া সদর দফতর হতে সরবরাহকৃত ফরম্যাট অনুযায়ী আগামী ০৭ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ ও একত্রিত করবে। পরবর্তীতে জোনাল অফিসসমূহ আগামী ১২ নভেম্বর ২০২৩ হতে ১৪ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে শাখা অফিসের কর্মকর্তাগণের উপস্থিতিতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন করবে, যেখানে শাখা অফিসসমূহ হতে সংগৃহীত সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশন সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়াসমূহ পর্যালোচনান্তে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া নির্বাচন করতে হবে।

৩.০ আগামী ১৫ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে জোনাল অফিসসমূহ নির্বাচিত শ্রেষ্ঠ আইডিয়া সহ অন্যান্য সকল শাখা অফিসের আইডিয়াসমূহ আইডিয়া প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী উল্লেখপূর্বক ইনোভেশন কর্মকর্তা বরাবর প্রেরণ করবে।

৪.০ পরবর্তীতে মাঠ পর্যায়ের ১৮টি জোনাল অফিস ও সদর দফতরস্থ ১৫টি বিভাগ/ইনস্টিটিউট হতে প্রাপ্ত মোট ৩৩টি উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া নিয়ে ইনোভেশন টিম শোকেসিং/প্রদর্শনীর আয়োজন করবে এবং ১টি শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া নির্বাচন করবে। ইনোভেশন টিম কর্তৃক নির্বাচিত শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেটিভ আইডিয়া প্রদানকারী জোনাল অফিস অথবা বিভাগ/ইনস্টিটিউট-কে পুরস্কার প্রদান করা হবে।

৫.০ ৭২টি শাখা অফিস হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া ইনোভেশন টিম কর্তৃক মূল্যায়নপূর্বক সেরা ৩টি উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া প্রদানকারীকে ব্যক্তিপর্যায়ে পুরস্কার প্রদান করা হবে।

৬.০ উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেটিভ আইডিয়া মূল্যায়নের নম্বর বন্টনঃ

ক্র.	মূল্যায়নের বিষয়	বরাদ্দকৃত সর্বোচ্চ নম্বর
১.	গ্রাহকসেবা সহজিকরণ/উন্নয়নে উদ্যোগ/আইডিয়াটির সংশ্লিষ্টতা	৩০
২.	বাস্তবায়নযোগ্যতা	২০
৩.	তথ্যপ্রযুক্তির ব্যবহার	২০
৪.	নির্দিষ্ট ফরম্যাট অনুযায়ী উপস্থাপনে নির্ভুলতা	১০
৫.	প্রাতিষ্ঠানিক উন্নয়নে উদ্যোগ/আইডিয়াটির প্রভাব/কার্যকারিতা	২০
মোটঃ		১০০

৭.০ উপরোক্ত নম্বরের ভিত্তিতে জোনাল অফিসসমূহ তাদের আওতাধীন শাখা অফিস হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেটিভ আইডিয়া মূল্যায়ন করবে এবং সর্বোচ্চ নম্বর প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেটিভ আইডিয়াকে শ্রেষ্ঠ নির্বাচন করবে। অনুরূপভাবে, ইনোভেশন টিম মাঠ পর্যায়ের ১৮টি জোনাল অফিস ও সদর দফতরস্থ ১৫টি বিভাগ/ইনস্টিটিউট হতে প্রাপ্ত মোট ৩৩টি উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেটিভ আইডিয়া উপরোক্ত নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করবে।

৮.০ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০১-১১-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

dgm.ictoperation@bhbfc.gov.bd

নম্বর: ৫৩.০৫.০০০০.১৭০.৩৯.১১৮.১৫.৬৭১/১ (৭)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস টু ডিএমডি, ডিএমডির দফতর, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ২। পিএস টু ডিএমডি, ডিএমডির দফতর, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৩। মহাব্যবস্থাপক(সকল), ..... বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৪। ইনোভেশন টিম, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।;
- ৫। উপ-মহাব্যবস্থাপক (সকল), ..... বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৬। জোনাল ম্যানেজার (সকল), ..... বিএইচবিএফসি এবং
- ৭। শাখা ম্যানেজার (সকল), ..... বিএইচবিএফসি।



০১-১১-২০২৩

মো. তারেক ইমতিয়াজ খান

সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট